# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১৬৫টি প্রতিষ্ঠানকে ১০.৭৫ লক্ষ টাকা জরিমানা

**১৫ মে ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর চট্টগ্রাম মহানগর, চুয়াডাঙ্গা, খুলনা, রাজশাহী, চাঁদপুর, জামালপুর, গাইবান্ধা, কুমিল্লা, ফেনী, ঝালকাঠি, হবিগঞ্জ, মাদারীপুর, সিলেট, নোয়াখালী, নাটোর, বগুড়া, ময়মনসিংহ, বরিশাল, নড়াইল, টাঙ্গাইল, রাজবাড়ী, যশোর, নরসিংদী, নওগাঁ, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জ, সিরাজগঞ্জ, রংপুর, ঝিনাইদহ, কক্সবাজার, শরীয়তপুর, মানিকগঞ্জ, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, কুড়িগ্রাম, বরগুনা, নেত্রকোণা, নীলফামারী, ফরিদপুর, ঝিনাইদহ, গোপালগঞ্জ ও মৌলভীবাজারে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা, জনাব আফরোজা রহমান, জনাব ইন্দ্রানী রায় কর্তৃক ডেমরা, যাত্রাবাড়ি, মুগদা, তেজগাঁও, ধানমন্ডি এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে ক্যাফে জান্নাত রেস্তোরা, গ্রামীন সুইটস, ডায়মন্ড সুইটস, রিফাত ব্রেড, কানুলাল মিষ্টান্ন ভান্ডার, জমজম রেস্টুরেন্ট, মোল্লা হোটেল, কড়াই গোস্ত রেস্টুরেন্টকে যথাক্রমে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে সিয়াম স্টোর, মেহের জেনারেল স্টোর, শহীদের মাছের দোকান, ভাতিজার গোসতের দোকান, মক্কা মদিনা স্টোর, শহীদের মাছের দোকানকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে গ্রামীন সুইটস, রিফাত ব্রেডকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট **২,৭২,০০০/- (দুই লক্ষ বাহাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালকজনাব প্রনব কুমার প্রামানিক কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে৫টি প্রতিষ্ঠানকে ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ফুলকলিকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে বিরতি রেস্তোরা, ক্যাফে ঝিল, শাহ চন্দ্রপুরী হোটেলকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট **৬৪,০০০/- (চৌষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪৮টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১৩৯টি** প্রতিষ্ঠানকে **৭,২৮,০০০/- (সাত লক্ষ আঠাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও ভেজাল পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ১৫ মে ২০১৯ তারিখে **৫৩টি** বাজার তদারকি ও **৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৬৫টি** প্রতিষ্ঠানকে মোট **১০,৭৫,০০০/- (দশ লক্ষ পঁচাত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৭৫০/- (দুই হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটলিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-<br>
ফাহমিনা আক্তার<br>
সহকারী পরিচালক (কার্যক্রম)<br>
ফোনঃ ০২-৮১৮৯৪১১<br>
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।